

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৮১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪২. যিনি হাদীস লিখে রাখার পক্ষে মতামত প্রদান করেন না

بَابُ مَنْ لَمْ يَرَ كِتَابَةَ الْحَدِيثِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ، وَعُبَيْدُ اللَّهِ، عَنْ سُفْيَانَ، عَنْ نُعْمَانَ بْنِ قَيْسٍ، أَنَّ عَبِيدَةَ، دَعَا بِكِتَابِهِ، فَمَحَاهَا عِنْدَ الْمَوْتِ، وَقَالَ: إِنِّي أَخَافُ أَنْ يَلِيَهَا قَوْمٌ، فَلَا يَضَعُونَهَا مَوَاضِعَهَا

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৪৮১. নু'মান ইবনু কায়েস হতে বর্ণিত, উবাইদাহ তার মৃত্যুকালীন সময়ে তার লেখা কিতাবসমূহ চাইলেন এবং (সেগুলো নিয়ে আসা হলে) তিনি সেগুলো মুছে দিলেন। আর বললেন: আমার আশংকা হয় যে, পরবর্তীতে এমন লোকেরা এগুলোর মালিক হবে, যারা এগুলোকে এর যথাযোগ্য স্থানে স্থাপন করবে না।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ৯/১৭ নং ৬৩৫৩; ইবনু সা'দ, আত তাবাকাত ৬/৬৩; খতীব, তাকরীদুল ইলম পৃ: ৬১, ৬২; আবু খায়ছামা, আল ইলম নং ১১২; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ৩৬৩, ৩৬৪ এর সনদও সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69792>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন